

তারিখঃ ২৯-১০-২০২৩ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

কক্সবাজারে স্থাপিত দেশের প্রথম সাবমেরিন ক্যাবল (SEA-ME-WE 4) এর আপগ্রেডেশন কাজের জন্য ইন্টারনেট সেবা সাময়িকভাবে ব্যাহত হওয়া প্রসঙ্গে।

ঢাকা, ৩০শে অক্টোবর, ২০২৩ খ্রি.: বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি) সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানাচ্ছে যে, কক্সবাজারে স্থাপিত দেশের প্রথম সাবমেরিন ক্যাবল (SEA-ME-WE 4) সিস্টেমের আপগ্রেডেশন কার্যক্রম বর্তমানে চলমান রয়েছে। উক্ত আপগ্রেডেশন কার্যক্রমের জন্য ৩০শে অক্টোবর, ২০২৩ দিবাগত রাত ২:০০ ঘটিকা হতে পরদিন (৩১শে অক্টোবর) দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত প্রায় ১০ ঘন্টা এবং আগামী ১লা নভেম্বর দিবাগত রাত ২:০০ ঘটিকা হতে পরদিন (২রা নভেম্বর) দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত প্রায় ১০ ঘন্টা SEA-ME-WE 4 ক্যাবলের মাধ্যমে সংযুক্ত সার্কিটগুলো আংশিক বন্ধ থাকবে। তবে কুয়াকাটায় স্থাপিত দেশের দ্বিতীয় সাবমেরিন (SEA-ME-WE 5) ক্যাবলের মাধ্যমে সংযুক্ত সার্কিটগুলো যথারীতি চালু থাকবে। আপগ্রেডেশন কার্যক্রমের কারণে উল্লিখিত সময়ে ইন্টারনেট গ্রাহকগণ সাময়িকভাবে ইন্টারনেটের ধীরগতির সম্মুখীন হতে পারেন বা ইন্টারনেট সেবা বিঘ্নিত হতে পারে। উল্লেখ্য যে, বর্ণিত আপগ্রেডেশন কাজ সম্পন্ন হলে SEA-ME-WE 4 সাবমেরিন ক্যাবলে বিএসসিপিএলসি এর ব্যান্ডউইডথ সক্ষমতা উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাবে।

সম্মানিত গ্রাহকগণের সাময়িক অসুবিধার জন্য বিএসসিপিএলসি কর্তৃপক্ষ আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছে।

২৯/১০/২০২৩
(মোঃ শাহিদুল ইসলাম)

মহাব্যবস্থাপক (চালনা ও রক্ষণাবেক্ষণ), বিএসসিপিএলসি

ফোন-০২২২৬৬০৩৩১৪ (অফিস)

ই-মেইল-gm.onm@bsccl.com

প্রতি

বার্তা সম্পাদক/চীফ রিপোর্টার

.....

বিঃদ্রঃ উপরোক্ত প্রেস রিলিজটি ৩০/১০/২০২৩ খ্রি. তারিখের মধ্যে আপনার পত্রিকায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।